দৈনিক খবর  2

তারিখ 03 MAR 1990
পৃষ্ঠা 2 কলাম ৩

# ঢাকায় ইউনেস্কো মহাপরিচালক

ইউনেস্কোর মহাপরিচালক ডঃ ফেডারিকো মেয়র দু'দিনের এক সফরে গতকাল শুক্রবার ঢাকায় এসেছেন। বাংলাদেশ ও জাতিসংঘ সংস্থাটির মধ্যে সহযোগিতা সম্প্রসারণের উপায় নিয়ে তিনি সরকারী কর্মকর্তাদের সাথে আলোচনায় মিলিত হবেন।

*শেষ পৃষ্ঠায় ১ম কলামে*

# ঢাকায় ইউনেস্কো

*প্রথম পৃষ্ঠার পর*

বাসস ও ইউএনবি জানায়ঃ মেয়র ঢাকায় পৌঁছে সাংবাদিকদের বলেন, তিনি বাংলাদেশে ইউনেস্কোর কর্মসূচী পর্যালোচনা এবং সহযোগিতা জোরদারের পন্থা নিয়ে কর্মকর্তাদের সাথে আলোচনা করবেন। ইউনেস্কো মহাপরিচালক বলেন, তিনি ভবিষ্যতে সংস্থাটির আরো অর্থবহ ভূমিকার আশা রাখেন। তিনি বলেন, ইউনেস্কো শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতিকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে মানব সম্পদ উন্নয়নের ব্যাপারে একটি নতুন দৃষ্টিভঙ্গী তুলে ধরার চেষ্টা করবে।

ডঃ মেয়র বাংলাদেশে চার সদস্যের এক প্রতিনিধি দলের নেতৃত্ব দিচ্ছেন। তিনি ১৯৮৭ সালে ইউনেস্কোর প্রধান নির্বাহী হিসেবে দায়িত্ব গ্রহণ করেন। শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম ও সংস্কৃতি বিষয়ক প্রতিমন্ত্রী সৈয়দ দীদার বখত বিমান বন্দরে মহাপরিচালককে অভ্যর্থনা জানান। শিক্ষা সচিব এ এন এম ইউসুফ ও ফ্রান্সে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত তোজাম্মেল হক এ সময় উপস্থিত ছিলেন।

ইউনেস্কো মহাসচিব বলেন, তিনি বিশ্বাস করেন যে, বাংলাদেশের প্রতি তার সংস্থার সমর্থন বৃদ্ধি পাবে। এক প্রশ্নের জবাবে তিনি বলেন, বৃটেন, যুক্তরাষ্ট্র ও সিংগাপুর সংস্থাটি ছেড়ে যাওয়ার ফলে সৃষ্ট সমস্যা মোকাবেলা করতে জাতিসংঘের সংস্থাটি সক্ষম। তিনি বলেন, ইউনেস্কোতে বৃটেনের প্রত্যাবর্তনের ব্যাপারে আলোচনা চলছে।

ডঃ মেয়রের নেতৃত্বাধীন প্রতিনিধি দলের অপর সদস্যরা হলেন- এশিয়া ও প্রশান্ত মহাসাগর বিষয়ক আঞ্চলিক পরিচালক হেদায়েত্ আহমদ, ইউনেস্কো সদর দফতরের এস ও কাজিমা এবং এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল বিষয়ক মাধ্যম প্রতিনিধি মাহফুজ আনাম। ইউনেস্কো মহাপরিচালক আজ শনিবার সন্ধ্যায় ব্যাংককের পথে ঢাকা ত্যাগ করবেন।

## প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ

সফররত ইউনেস্কোর মহাপরিচালক গতকাল সন্ধ্যায় প্রধানমন্ত্রী কাজী জাফর আহমদের সাথে সাক্ষাৎ করেছেন। খবর ইউএনবি'র।

প্রধানমন্ত্রী শিক্ষাখাতে, বিশেষ করে শিক্ষা বিস্তারে সরকারের গৃহীত পদক্ষেপ তাঁর কাছে ব্যাখ্যা করেন। তিনি এ প্রসঙ্গে পথকলি ট্রাস্টের কথা উল্লেখ করেন। শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম এ সময় উপস্থিত ছিলেন।

এর আগে দু'দিনের সফর ইউনেস্কোর প্রধান নির্বাহী ঢাকা পৌঁছেন।